অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/16/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

3 মিলিয়ন মার্কিন ডলারের গ্রো-নিউইয়র্ক খাদ্য এবং কৃষি ব্যবসা প্রতিযোগিতার দ্বিতীয় দফার জন্য 20 জন চূড়ান্ত প্রতিযোগী নির্বাচনের ঘোষণা করলেন গভর্নর কুওমো

27টি দেশের 260টিরও বেশি স্টার্টআপ উদ্ভাবনী মেন্টরিং প্রোগ্রামে প্রতিদ্বন্দ্বিতা করার জন্য আবেদন করেছে

খাদ্য ও কৃষি শিল্পের এই প্রতিযোগিতায় কমিউনিটিকে পুনরুজ্জীবিতকরণ ও অর্থনীতির বিকাশের লক্ষে বিস্তৃত আঞ্চলিক কৌশল, আপস্টেট রিভাইটালাইজেশন উদ্যোগের মাধ্যমে অর্থায়ন করা হয়েছে - CNY রাইজিং, ফিঙ্গার লেকস ফরওয়ার্ড, এবং সাউদার্ন টায়ার সোরিং

গভর্নর এন্ড্রু এম কুয়োমো আজ মধ্য নিউ ইয়র্ক, ফিঙ্গার লেক এবং দক্ষিণ টিয়ার অঞ্চলের উদীয়মান একটি খাদ্য উদ্ভাবনী ও কৃষি প্রযুক্তি ব্যবসার চ্যালেঞ্জ গ্রো-নিউ ইয়র্ক (Grow-NY) এর দ্বিতীয় রাউন্ডে অংশগ্রহণের জন্য নির্বাচিত 20 জন চূড়ান্ত প্রতিযোগীদের নাম ঘোষণা করেন। এই উদ্যোগের অংশ হিসেবে আবেদন করা 260টিরও বেশি স্টার্টআপের একটি ক্ষেত্র থেকে ফাইনালিস্টদের বেছে নেওয়া হয়েছে। গ্রো-নিউইয়র্ক এর অঞ্চলের মধ্যে রয়েছে 22টি কাউন্টির বিস্তৃত এলাকা যার অন্তর্ভুক্ত আপস্টেট নিউ ইয়র্কের খামার সম্প্রদায়, এবং তার সাথে রোচেস্টার, সাইরাকিউজ, ইথাকা এবং বিংহ্যামটন সহ বেশ কয়েকটি প্রধান নগর কেন্দ্র। কর্নেল বিশ্ববিদ্যালয়ের আঞ্চলিক অর্থনৈতিক অগ্রগতি কেন্দ্র (Cornell University's Center for Regional Economic Advancement) এই প্রতিযোগিতা পরিচালনা করছে এবং নিউ ইয়র্ক রাজ্য তিনটি অঞ্চলের সাথে সংযুক্ত গভর্নরের আপস্টেট পুনরুজ্জীবন উদ্যোগের (Upstate Revitalization Initiative) মাধ্যমে গ্রো-নিউ ইয়র্ক (Grow-NY) প্রতিযোগিতার জন্য তহবিল প্রদান করছে – সেন্ট্রাল নিউ ইয়র্ক রাইজিং (CNY Rising), ফিঙ্গার লেকস ফরওয়ার্ড (Finger Lakes Forward) এবং সাউদার্ন টিয়ার সোরিং (Southern Tier Soaring)।

"নিউ ইয়র্ক স্টেট আমাদের বিশ্ববিখ্যাত খাদ্য এবং কৃষি শিল্পকে সমর্থন করতে প্রতিশ্রুতিবদ্ধ," **গভর্নর কুওমো বলেছেন।** "আরো একবার গ্রো-নিউ ইয়র্ক প্রতিযোগিতা একদল বৈচিত্র্যময়, উদ্ভাবনী সংশ্লিষ্ট উদ্যোক্তাদের আকৃষ্ট করেছে যারা নিউ ইয়র্কের বিশ্বখ্যাত খাদ্য ও কৃষি শিল্পকে আরও রূপান্তর করার নতুন উপায় সন্ধান করার জন্য মনোনিবেশ করতে প্রস্তুত। গ্রো-নিউ ইয়র্ক এর মতো লক্ষ্যস্থিত প্রচেষ্টার মাধ্যমে আমরা এই আঞ্চলিক অর্থনীতিকে শক্তিশালী করতে থাকব, রাজ্যব্যাপী প্রবৃদ্ধিকে উৎসাহিত করব যখন আমরা আরো ভালো ভাবে গড়ে তোলার জন্য কাজ করছি।"

"নিউ ইয়র্কের কৃষি অর্থনীতি আমাদের খামার ও স্থানীয় পণ্যে বর্ধিত বিনিয়োগ নিয়ে বেড়ে চলেছে," **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "গ্রো-নিউ ইয়র্ক প্রতিযোগিতার প্রথম রাউন্ড সফল হয়েছে, এবং এই শিল্পকে আরো শক্তিশালী করতে এই রাউন্ড দুই এর ফিনালিস্টদের যে সম্ভাবনা রয়েছে তা সম্পর্কে আমরা উদ্দীপ্ত। এই সংস্থাগুলো টেকসইতাকে রূপান্তর এবং নিউ ইয়র্কবাসীর স্বাস্থ্য ও সুস্থতার উন্নতি ঘটানোর মাধ্যমে এই শিল্পের বৈপ্লবিক পরিবর্তন ঘটানোর ধারণা এবং পরিকল্পনা তৈরি করছে। প্রতিযোগিতার চূড়ান্ত প্রতিযোগী ও বিজয়ী সবাইকে আমি অভিনন্দন জানাই এবং নিউ ইয়র্কে এই উদ্ভাবনী কোম্পানিগুলোর বৃদ্ধি ও সাফল্যলাভ করতে সহায়তা প্রদানের প্রতীক্ষায় থাকলাম।"

আর্জেন্টিনা, জার্মানি এবং ইজরায়েল সহ 27টি দেশ থেকে সব মিলিয়ে 264টি স্টার্টআপ আবেদন করেছে। মার্কিন যুক্তরাষ্ট্রে, 26টি রাজ্যের প্রতিনিধিত্ব করা হয়, নিউ ইয়র্ক থেকে 98টি এন্ট্রি সহ। 29 শতাংশ আবেদনকারীর মধ্যে ছিলেন একজন মহিলা প্রতিষ্ঠাতা এবং 32 শতাংশের মধ্যে ছিলেন একজন সংখ্যালঘু গোষ্ঠীর প্রতিষ্ঠাতা। 20 জন নির্বাচিত ফাইনালিস্ট এই নভেম্বরে গ্রো-নিউ ইয়র্ক ফুড এন্ড এজি সামিটে (Food and Ag Summit) তাদের ব্যবসার পরিকল্পনা ব্যক্ত করবেন। গ্রো-নিউ ইয়র্ক সাতজন বিজয়ীকে মোট 3 মিলিয়ন মার্কিন ডলার পুরস্কার প্রদান করবে। এর মধ্যে রয়েছে 1 মিলিয়ন মার্কিন ডলারের শীর্ষ পুরস্কার, দু'টি 500,000 মার্কিন ডলারের পুরস্কার এবং চারটি 250,000 মার্কিন ডলারের পুরস্কার। বিজয়ীকে কর্মসংস্থান বৃদ্ধি এবং স্থানীয় শিল্প অংশীদারদের সাথে সংযুক্ত হওয়ার মাধ্যমে গ্রো-NY অঞ্চলে একটি ইতিবাচক অর্থনৈতিক প্রভাব বিস্তার করতে হবে।

নির্বাচিত 20 জন চূড়ান্ত প্রতিযোগীদের মধ্যে রয়েছে:

- এগট্রেস (AgTrace), ফ্লোরিয়ানোপোলিস, ব্রাজিল - একটি অনুসন্ধানযোগ্যতার সমাধান প্রদান করে যা স্টেকহোল্ডারদের সংযুক্ত করার সাথে কৃষি তথ্য অন্তর্ভুক্ত করে এবং ডেটা ক্যাপচার, স্টোর এবং প্রক্রিয়া করে
- আরপ্যাক (ARPAC), পোর্তো আলেগ্রো, ব্রাজিল - ভারী উত্তোলনকারী ড্রোন তৈরি এবং একীভূত করে যা দ্রুত এবং স্থানীয়ভাবে কীটনাশক প্রয়োগ করে, অভিন্নতা এবং নিখুঁততার সাথে
- আসারাসি (Asarasi), কাটোনা, NY - ম্যাপেল শিল্পের অপচয় 97% ম্যাপেল পানির উপ-পণ্য পুনরুদ্ধার করে, ঐতিহ্যগত বোতলজাত পানির একটি টেকসই বিকল্প প্রদান করে
- ব্রিটলাইফ ফুডস (brytlife foods), কেরহন্সকন, NY - টেকসইভাবে জোগাড় করা ভেষজ শিল্পসূলভ চিজ এবং দই পরবর্তী স্তরের পুষ্টি সহ 100% উদ্ভিদ থেকে তৈরি করে
- ক্যান্ডিডাস (Candidus), হাল, GA - বাণিজ্যিক গ্রীনহাউস অপারেশনের জন্য সাশ্রয়ী সম্পূরক আলোকসজ্জার কৌশল এবং নিয়ন্ত্রণ সিস্টেম উন্নয়ন করে
- ক্রিস্টাল ক্রিক অর্গানিকস (Crystal Creek Organics), রোচেস্টার NY - তরল সারের মধ্যে দ্রবণীয় ফসফরাস রূপান্তর করে একটি অ-দ্রবণীয়, রাজস্ব উত্পাদনকারী, কঠিন উপ-পণ্যে

- ফ্রেশসোর্স (FreshSource), গিজা, মিশর – ন্যায্য, আধুনিক এবং স্বচ্ছ বাজারের সাথে সংযুক্ত করে ক্ষুদ্র কৃষকদের ক্ষমতায়ন করে
- হ্যালোমাইন (Halomine), ইথাকা, NY – আমাদের খাদ্য সরবরাহের নিরাপত্তা নিশ্চিত করতে অ্যান্টি-মাইক্রোবিয়াল পণ্য তৈরি করে
- ইনারপ্ল্যান্ট (InnerPlant), ডেভিস, CA – জেনেটিক্যালি উদ্ভিদকে জীবন্ত সেন্সরে রূপান্তরিত করে উৎপাদন বৃদ্ধি করতে এবং কৃষিরাসায়নিক বর্জ্য কমাতে
- লিপ ফুডস (Leep Foods), রোচেস্টার, NY – ভোক্তা এবং রেস্টুরেন্টের জন্য পুষ্টি সমৃদ্ধ আমেরিকান হার্ডউডের উপর পুনরুৎপাদনশীল মাটির পদ্ধতি ব্যবহার করে উচ্চমানের জৈব মাশরুম উৎপাদন করে
- নরডিটেক্ট (Nordetect), কোপেনহেগেন, ডেনমার্ক – কৃষি খাদ্য শিল্পের পুষ্টির জন্য দ্রুত রাসায়নিক বিশ্লেষণ প্রদান করে
- নরহয়ে (Norwhey), ইথাকা, NY – নিউ ইয়র্ক রাজ্যের ইয়গার্ট হোয়েকে সুস্বাদু এবং টেকসই অ্যালকোহলিক পানীয়তে রূপান্তরিত করে
- পিটমস (PittMoss), অ্যামব্রিজ, PA – একটি পরবর্তী প্রজন্মের ক্রমবর্ধমান মিডিয়া উৎপাদন করে যা অধিকাংশ পিট-ভিত্তিক মিশ্রণের চেয়ে বড়, শক্তিশালী উদ্ভিদ উৎপাদন করে বলে প্রমাণিত
- পিওরস্পেস (PureSpace), বুসান, দক্ষিণ কোরিয়া – ব্যবহারযোগ্য জীবন প্রসারিত করে এবং ইথিলিন গ্যাস, বায়ুবাহিত ছাঁচ, এবং ভাইরাস কার্যকরভাবে এবং দক্ষতার সাথে পচিয়ে খাদ্য নিরাপত্তা উন্নত করে
- রি-নুবল (Re-Nuble), নিউ ইয়র্ক, NY – খাদ্য বর্জ্যকে শিল্প-গ্রেড, পানি দ্রবণীয়, মাটিহীন চাষের জন্য জৈব হাইড্রোপনিক পুষ্টিতে রূপান্তর করে
- Ripe.io, নিউ ইয়র্ক, NY – খাদ্যের উৎপত্তি, যাত্রা এবং মান সম্পর্কে স্বচ্ছ এবং নির্ভরযোগ্য তথ্য অ্যাক্সেস করার জন্য একটি প্ল্যাটফর্ম প্রদান করে
- সিম্পলি গুড জারস (Simply Good Jars), ফিলাডেলফিয়া, PA – একটি সুবিধাজনক, প্রাক-প্যাকেজড ফরম্যাটে টেকসই, রেস্টুরেন্ট মানের খাবারের অ্যাক্সেস প্রসারিত করে
- সোফ্রেশ (SoFresh), প্লিজ্যান্ট প্রেয়ারি, WI – তাজা রুটির ব্যবহারযোগ্য জীবন প্রসারিত করতে একটি জৈব বাষ্প সহ একটি অনন্য প্যাকেজিং উপাদান উত্পাদন করে
- সুস টেকনোলজি (Soos Technology), কিড্রন, ইজরায়েল – পুরুষ মুরগির বাচ্চাকে ডিম পাড়া নারীতে রূপান্তর করে পুরুষ বাচ্চার নিধন হ্রাস করে
- জেটিফি (Zetifi), নিউ সাউথ ওয়েলস, অস্ট্রেলিয়া – কৃষকদের তাদের সম্পত্তির সম্পূর্ণ জুড়ে দ্রুত এবং নির্ভরযোগ্য সংযোগ অ্যাক্সেস করতে সক্ষম করে

সকল ফাইনালিস্টরা পাবেন:

- একজন হাতে করে নির্বাচিত ব্যবসায়িক উপদেষ্টার নিবেদিত মেন্টরশিপ;
- বিচারকদের জন্য তাদের লাইভ পিচ উতকৃষ্ট করার জন্য অতিরিক্ত পিচ প্রশিক্ষণ;
- সম্ভাব্য অংশীদার এবং সুযোগের সাথে তাদের সংযুক্ত করতে ব্যবসায়িক উন্নয়ন সহায়তা এবং কর্মশালা;

- নেটওয়ার্কিং পরিচিতি, ব্যবসায়িক ভ্রমণ, এবং ফাইনালিস্ট দলের প্রতিনিধিদের জন্য মূল্যবান অ্যাপয়েন্টমেন্ট।

2019 সালে রোচেস্টারে অনুষ্ঠিত গ্রো-NY ফুড অ্যান্ড এজি সামিট 900 জনেরও বেশী অংশগ্রহণকারীকে আকৃষ্ট করেছিল। COVID-19 এর বিস্তার রোধ করতে নিরাপত্তা নির্দেশিকার সাথে সামঞ্জস্য রেখে এই বছর 17১৭ ও 18 নভেম্বর এই অনুষ্ঠান অনুষ্ঠিত হবে। চূড়ান্ত প্রতিযোগীরা এখনো তাদের ব্যবসায়িক পরিকল্পনা ব্যক্ত করার এবং বিচারকদের একটি লাইভ প্যানেল থেকে প্রশ্নের উত্তর দেওয়ার সুযোগ পাবেন। অংশগ্রহণকারীরা একটি সিম্পোজিয়ামের অভিজ্ঞতা প্রাপ্ত হতে পারবেন যেখানে খাদ্য ও কৃষি শিল্পের সবচেয়ে বড় বিষয়গুলি নিয়ে এক গুচ্ছ প্যানেলের আলোচনা পরিচালিত হবে। নিবন্ধন এখন উপলব্ধ, এবং অনুষ্ঠানটি বিনামূল্যে জনসাধারণের জন্য উপলভ্য।

বিচারকরা তাদের চূড়ান্ত সিদ্ধান্ত নিম্নলিখিত পাঁচটি মানদণ্ডের উপর ভিত্তি করে করবেন:

- **বাণিজ্যিকীকরণ ও ব্যবসায়িক মডেলের বাস্তবোপযোগিতা:** মুনাফা অর্জন এবং দক্ষ ও টেকসই ব্যবসার সুযোগ করার, প্রযুক্তিগত উপযোগিতা প্রদর্শন করার অথবা প্রস্তাবিত মান পূরণের উদ্দেশ্যে উদ্ভাবনী পন্থা অবলম্বন করার এমন মূল্যের কাঠামো বজায় রাখায় প্রতিযোগীর সক্ষমতা;
- **গ্রাহকের জন্য মান প্রদান:** - প্রতিযোগী কী পরিমাণে এমন কিছু প্রদান করছেন যার জন্য গ্রাহক মূল্য প্রদান করতে ইচ্ছুক এবং একটি উল্লেখযোগ্য আয়তনের বাজারের মোকাবেলা করছেন;
- **খাদ্য ও কৃষি বিষয়ক উদ্ভাবন** - খাদ্য ও কৃষি শিল্পে সর্বাধুনিক বিবেচ্য বিষয়ের ক্ষেত্রে প্রতিযোগী কতটা উদ্ভাবনী ক্ষমতার পরিচয় দিতে পারেন এবং এই বাজারগুলোতে এক বৈশ্বিক নেতৃত্ব হিসেবে আপস্টেট নিউ ইয়র্কের অবস্থানের উদ্দেশ্যে অবদান রাখবে;
- **আঞ্চলিক কর্মসংস্থান সৃষ্টি** - গ্রো-নিউ ইয়র্ক এর ধাঁচে উচ্চ-মানের কর্মসংস্থান সৃষ্টির সম্ভাবনা; এবং
- **দল** - দলের মান ও সম্পূর্ণতা এবং ফলাফল প্রদানে তৎপরতা।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের ভারপ্রাপ্ত কমিশনার এবং প্রেসিডেন্ট ও মনোনীত প্রধান নির্বাহী কর্মকর্তা এরিক জে. গার্টলার বলেন, "গ্রো-নিউ ইয়র্ক (Grow-NY) ব্যবসা প্রতিযোগিতা নিউ ইয়র্ক রাজ্যে সারা বিশ্বের মানসম্পন্ন নতুন ব্যবসা ও উদ্ভাবনী প্রতিভাগুলোকে আকৃষ্ট করেছে- যা কৃষিকার্যে নতুনত্ব প্রদানের জন্য আরো উত্সর্গীকৃত প্রচেষ্টা করবে, যা কর্মসংস্থান সৃষ্টি করবে এবং ফিঙ্গার লেকস, সেন্ট্রাল নিউ ইয়র্ক এবং সাউদার্ন টিয়ারের অর্থনীতির বৃদ্ধি করবে।"

স্টেটের কৃষি কমিশনার রিচার্ড এ. বল বলেন, "গ্রো নিউ ইয়র্ক (Grow NY) প্রতিযোগিতা নিউ ইয়র্কের কৃষি শিল্পের বৈচিত্র্যকে তুলে ধরে, যেখানে উদীয়মান ব্যবসাগুলি গুরুতর দিকগুলির উপর মনোযোগ প্রদান করে, খামারে উচ্চ-প্রযুক্তির সমাধান থেকে শুরু করে খাদ্য নিরাপত্তা পর্যন্ত। এই বছরটি আমাদের সম্প্রদায় এবং আমাদের অর্থনীতির ক্ষেত্রে কৃষিকার্য কতটা গুরুত্বপূর্ণ তা তুলে

ধরেছে, এবং আমি এই ফাইনালিস্টদের তাদের উদ্ভাবনের জন্য অভিনন্দন জানাচ্ছি যা এই শিল্পক্ষেত্রেকে এগিয়ে নিয়ে যাবে।”

সেন্ট্রাল নিউইয়র্ক আঞ্চলিক অর্থনৈক পরিষদের সহ-সভাপতি, সেন্ট্রাল নিউইয়র্ক এবং ডেবোরাহ স্ট্যানলি উৎপাদনকারী সমিতির (Manufacturers Association of Central New York) সভাপতি ও প্রধান নির্বাহী কর্মকর্তা, ওসওয়েগো স্টেট ইউনিভার্সিটি অব নিউইয়র্ক (State University of New York at Oswego) এর সভাপতি র‍্যান্ডি ওলকেন বলেন, "নিউ ইয়র্ক স্টেট কৃষি ও খাদ্য শিল্পে একটি বিশ্বব্যাপী নেতা এবং এই উদ্ভাবনী প্রতিযোগিতা আমাদের সম্প্রদায়ে একটি উত্তেজনাপূর্ণ বিনিয়োগের প্রতিনিধিত্ব করে যা আঞ্চলিক কর্মসংস্থান বৃদ্ধি করতে সাহায্য করবে। সেন্ট্রাল নিউ ইয়র্কে আমাদের কৃষিভিত্তি সমর্থন করার জন্য REDC কঠোর পরিশ্রম করছে, এই অঞ্চলটি বছরের পর বছর ধরে যাতে বেড়ে চলতে পারে তা নিশ্চিত করার জন্য।"

ফিঙ্গার লেকস আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়নের (Finger Lakes Regional Economic Development) সহ-সভাপতি, এবং গ্রেটার রোচেস্টার চেম্বার অফ কমার্সের (Greater Rochester Chamber of Commerce) প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা, বব ডাফি এবং স্টেট ইউনিভার্সিটি অফ নিউ ইয়র্ক জেনেসিও (SUNY Geneseo)-এর প্রেসিডেন্ট, ডঃ ডেনিস ব্যাটেলস বলেন, "আমরা গভর্নর কুওমোর গ্রো-নিউ ইয়র্ক প্রতিযোগিতাকে সমর্থন করতে পেরে আনন্দিত যা এই উদ্ভাবনী উদ্যোক্তাদের সাথে স্থানীয় শিল্পের অংশীদার এবং মেন্টরদের সংযুক্ত করার জন্য কাজ করছে। বিকাশশীল আঞ্চলিক অর্থনীতিকে অগ্রগামী ও টেকসই করে ফিঙ্গার লেকসকে সামনে এগিয়ে নিতে কৃষি ও খাদ্য শিল্পই মূল চাবিকাঠি।"

সাউদার্ন টিয়ার রিজিওনাল ইকোনমিক ডেভেলপমেন্ট কাউন্সিলের (Southern Tier Regional Economic Development Council) কো-চেয়ার, এবং অর্থনৈতিক উন্নয়নের জন্য শুইলার কাউন্টি পার্টনারশিপের (Schuyler County Partnership for Economic Development) নির্বাহী পরিচালক, জুডি ম্যাকিনি চেরি, এবং ব্রুম কমিউনিটি কলেজের (Broome Community College) প্রেসিডেন্ট ডঃ কেভিন ড্রাম বলেন, "স্থানীয়ভাবে পরিকল্পিত সাউদার্ন টায়ার সোরিং আপস্টেট রিভাইটাইলাইজেশন উদ্যোগ কৃষি শিল্পকে বাড়িয়ে তোলার দিকে তীক্ষ্ণ নজর রেখেছে, এই তথ্যকে স্বীকৃতি যে এটা আমাদের অঞ্চলের অর্থনৈতিক সাফল্য অব্যাহত রাখার জন্য একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ অংশ। গ্রো-নিউ ইয়র্ক প্রতিযোগিতা এই দূরদর্শী উদ্ভাবকদের সাহায্য করবে, আমাদের প্রচেষ্টাকে আরো বলবত করে, বছরের পর বছর ধরে আঞ্চলিক অর্থনীতিকে উদ্দীপিত করার জন্য।"

গ্রো-নিউ ইয়র্ক সম্পর্কে আরও জানতে দেখুন, grow-ny.com। কর্নেল সেন্টার ফর রিজিওনাল ইকোনমিক অ্যাডভ্যান্সমেন্ট (Cornell Center for Regional Economic Advancement) সম্পর্কে আরও জানতে, দেখুন https://crea.cornell.edu।

ফিঙ্গার লেকস এর অগ্রগতি ত্বরান্বিতকরণ

আজকের ঘোষণা "ফিঙ্গার লেকস এর অগ্রগতি ত্বরান্বিতকরণ" এর সম্পূরক, যা শক্তিশালী অর্থনৈতিক প্রবৃদ্ধি ও কমিউনিটি বিকাশের জন্য এই অঞ্চলের সমন্বিত রূপরেখা। স্টেট এ অঞ্চলে

2012 সাল থেকে এই পরিকল্পনার জন্য বুনিয়াদী কাজের পিছনে ইতোমধ্যেই 8.07 বিলিয়নের বেশি মার্কিন ডলার বিনিয়োগ করেছে – ফটোনিক্স, কৃষি ও খাদ্য উৎপাদন এবং আধুনিক নির্মাণ কার্যের মতো মূল শিল্প এই বিনিয়োগের অন্তর্ভুক্ত। বর্তমানে, উত্তরাঞ্চলের পুনরুজ্জীবিতিকরণ উদ্যোগের মাধ্যমে অঞ্চলটি 500 মিলিয়ন মার্কিন ডলারের অঙ্গরাজ্যের বিনিয়োগসহ ফিঙ্গার লেকস এর অগ্রগতি ত্বরান্বিত করছে যা গভর্নর কুওমো ডিসেম্বর 2015-এ ঘোষণা করেন। অঙ্গরাজ্যের এই 500 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ বেসরকারি খাতের ব্যবসায়ীদের 2.5 বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি বিনিয়োগ করার জন্য উদ্দীপনা দেবে – এবং অঞ্চলের দাখিলকৃত পরিকল্পনা অনুযায়ী আশা করা হচ্ছে যে 8,200 এর বেশি নতুন কর্মসংস্থান সৃষ্টি হবে। আরও তথ্য পাওয়া যাবে এখানে।

সেন্ট্রাল নিউইয়র্কের অগ্রগতি ত্বরান্বিতকরণ

আজকের ঘোষণা "সেন্ট্রাল নিউইয়র্কের অগ্রগতি" এর সম্পূরক, যা শক্তিশালী অর্থনৈতিক প্রবৃদ্ধি ও কমিউনিটি বিকাশের জন্য এই অঞ্চলের সমন্বিত রূপরেখা। 2012 সাল থেকে এই রাজ্য ইতিমধ্যেই 6.3 বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি বিনিয়োগ করেছে যা বিশ্ব বাজারের সুযোগ কাজে লাগিয়ে উদ্যোক্তাদের শক্তিশালী করে এবং অন্তর্ভুক্তিমূলক অর্থনীতি তৈরি করে এই পরিকল্পনার মূল ভিত্তি স্থাপন করেছে। বর্তমানে, এ অঞ্চল 2015 সালের ডিসেম্বরে গভর্নর কুওমো ঘোষিত উত্তরাঞ্চলের পুনরুজ্জীবিতিকরণ উদ্যোগের মাধ্যমে 500 মিলিয়ন মার্কিন ডলারের অঙ্গরাজ্যের বিনিয়োগ সহযোগিতায় সেন্ট্রাল নিউইয়র্কের অগ্রগতি ত্বরান্বিত করছে। অঙ্গরাজ্যের এই 500 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ বেসরকারি খাতের ব্যবসায়ীদের 2.5 বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি বিনিয়োগ করার জন্য উদ্দীপনা দেবে – এবং অঞ্চলের দাখিলকৃত পরিকল্পনা অনুযায়ী আশা করা হচ্ছে যে 5,900 এর বেশি নতুন কর্মসংস্থান সৃষ্টি হবে। আরও তথ্য পাওয়া যাবে এখানে।

সাউদার্ন টিয়ার এর অগ্রগতি ত্বরান্বিতকরণ

আজকের ঘোষণা "সাউদার্ন টিয়ার এর অগ্রগতি" এর সম্পূরক, যা শক্তিশালী অর্থনৈতিক প্রবৃদ্ধি ও কমিউনিটি বিকাশের জন্য এই অঞ্চলের সমন্বিত রূপরেখা। প্রতিভাধর শ্রমশক্তি আকর্ষণ, ক্রমবর্ধমান ব্যবসা এবং উদ্ভাবন জোরদার করার পরিকল্পনার ভিত্তি স্থাপন করতে 2012 সাল থেকে ইতোমধ্যে এ অঞ্চলে 7.4 বিলিয়ন মার্কিন ডলারের বেশি বিনিয়োগ করেছে স্টেট। বর্তমানে, এ অঞ্চল 2015 সালের ডিসেম্বরে গভর্নর কুওমো ঘোষিত উত্তরাঞ্চলের পুনরুজ্জীবিতিকরণ উদ্যোগের মাধ্যমে 500 মিলিয়ন মার্কিন ডলারের অঙ্গরাজ্যের বিনিয়োগের মাধ্যমে সাউদার্ন টিয়ারের অগ্রগতি ত্বরান্বিত করছে। অঙ্গরাজ্যের এই 500 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ বেসরকারি খাতের ব্যবসায়ীদের 2.5 বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি বিনিয়োগ করার জন্য উদ্দীপনা দেবে – এবং অঞ্চলের দাখিলকৃত পরিকল্পনা অনুযায়ী আশা করা হচ্ছে যে 10,200 এর বেশি নতুন কর্মসংস্থান সৃষ্টি হবে। আরও তথ্য পাওয়া যাবে এখানে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন